



নিরাপদ
কর্মপরিবেশ, টেকসই
উন্নয়নের পথে
বাংলাদেশ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
সেফটি শাখা
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০৩.২৭.০০৩.১৭.৩৯

তারিখ: ১৬ মাঘ ১৪২৬
৩০ জানুয়ারি ২০২০

বিষয়: **ঝুঁকিপূর্ণ কারখানা ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২২/০১/২০২০ তারিখে আপনার কার্যালয় থেকে ১২৮৬ টি ঝুঁকিপূর্ণ কারখানা ও প্রতিষ্ঠানের তালিকা পাওয়া গিয়েছে। বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ধারা-৬১ (২) অনুযায়ী যদি কোন পরিদর্শকের নিকট প্রতীয়মান হয় যে, কোন প্রতিষ্ঠানের কোন ভবন বা এর কোন অংশ বা এর কোন পথ, যন্ত্রপাতি বা প্ল্যান্ট বা ভবনের অভ্যন্তরীণ বৈদ্যুতিক ব্যবস্থা ও এর ব্যবহার মানুষের জীবন বা নিরাপত্তার জন্য আশু বিপজ্জনক, তাহলে তিনি মালিকের উপর লিখিত আদেশ জারি করে, তা যথাযথভাবে মেরামত, বা পরিবর্তন না করা পর্যন্ত এর ব্যবহার নিষিদ্ধ করতে পারবেন। সুতরাং তালিকাভুক্ত ঝুঁকিপূর্ণ কারখানা ও প্রতিষ্ঠান সহ অন্য কোন কারখানা ও প্রতিষ্ঠানের জন্য দায়িত্বপ্রাপ্ত ও সংশ্লিষ্ট পরিদর্শককে উপরোক্ত ধারা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও কার্যক্রম বন্ধের উদ্যোগসহ মামলা দায়ের করার নির্দেশ দেয়া হল।

২। প্রকৃতপক্ষে কর্মক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিতকরণে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পাশাপাশি বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বিস্ফোরক পরিদপ্তর, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, পরিবেশ অধিদপ্তর, বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, বিভিন্ন স্থানীয় সরকার কর্তৃপক্ষ, রাজউক, বিদ্যুৎ বিভাগ প্রভৃতি সংস্থার স্ব স্ব আইন ও বিধি দ্বারা নির্ধারিত কার্যক্রম রয়েছে।

এমতাবস্থায় যে সমস্ত প্রতিষ্ঠান শ্রমপরিদর্শকের নোটিশের বিষয়টি তোয়াক্কা না করে ঝুঁকিপূর্ণ অবস্থায় কারখানা পরিচালনা করে দুর্ঘটনা ঘটান সমূহ সম্ভাবনা সৃষ্টি করছে সে সমস্ত প্রতিষ্ঠানে দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তরকে যথাযথ আইনানুগ পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে পত্রযোগে জানিয়ে দেয়ার জন্য নির্দেশ দেয়া হল।

৩০-১-২০২০

শিবনাথ রায়

মহাপরিদর্শক

উপ-মহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা

ফোন: ০২-৫৫০১৩৬২৬

ফ্যাক্স: ০২-৫৫০১৩৬২৮


ইমেইল: chiefdife@gmail.com

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০৩.২৭.০০৩.১৭.৩৯/১(৪০)

তারিখ: ১৬ মাঘ ১৪২৬
৩০ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
- ৩) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
- ৪) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)
- ৫) একান্ত সচিব, সচিব এর দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৬) সহকারী সচিব, মুখ্য সচিব এর দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)
- ৮) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)
- ৯) বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক, বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর
- ১০) প্রধান বয়লার পরিদর্শক, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
- ১১) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
- ১২) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ১৩) প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (অতিরিক্ত দায়িত্ব), প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
- ১৪) উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর



৩০-১-২০২০

শিবনাথ রায়

মহাপরিদর্শক